দৈনিক বাংলা

তারিখ ... 16 NOV 1985 ...
পৃষ্ঠা ... ... 7 কলাম ... 1 ... ...

002

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৮৫ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

আলিম পরীক্ষায় ১৪ হাজার ৫শ ৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হন ১০ হাজার ২শ ৮৫ জন। পাশের হার শতকরা ৭১ ভাগ। এর মধ্যে ৪৩৮ জন প্রথম বিভাগ, ৪ হাজার ৫শ ১১ জন দ্বিতীয় বিভাগ এবং ৫ হাজার ৩শ ৩৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন।

ফাজিল পরীক্ষায় মোট ৭ হাজার ২শ ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হন ৪ হাজার ৭শ ৫৬ জন। পাশের হার শতকরা ৬৫.৬১ ভাগ। এর মধ্যে ২৫৭ জন প্রথম বিভাগ, ২ হাজার ১৮২ জন দ্বিতীয় বিভাগ এবং ২ হাজার ৩১৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন।

কামিল পরীক্ষায় ২ হাজার ৮শ ৪৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ২শ ৬৮ জন কৃতকার্য হন। পাশের হার শতকরা ৪৪.৫৩ ভাগ। এর মধ্যে প্রথম বিভাগে ১৬ জন, দ্বিতীয় বিভাগে ৪৩১ জন এবং তৃতীয় বিভাগে ৮২১ জন উত্তীর্ণ হন।

সম্মিলিত মেধা তালিকায় আলিম পরীক্ষায় মোহাম্মদ রফিকুল ইসলাম, ফাজিল পরীক্ষায় আবু তৈয়ব মোহাম্মদ আহসান উল্লাহ এবং কামিল পরীক্ষায় মোহাম্মদ ইউনুস প্রথম বিভাগে প্রথম স্থান লাভ করেন।